অভ্র

Keyboard
Phonetic
Mouse

User Manual

User Manual

for

Avro Keyboard 3.1

Author: Mehdi Hasan

Revised Edition – 20th February, 2006
First Edition – 9th February, 2006

Avro Keyboard: http://www.omicronlab.com/avrokeyboard/
Online Forum: http://www.omicronlab.com/forum/
OmicronLab: http://www.omicronlab.com/
Author: mhasan@omicronlab.com

Copyright © OmicronLab. All Rights Reserved.

Frequently Asked Questions (FAQ)

অভ্র কীবোর্ড কি? কোন অপারেটিং সিস্টেম এ চলে?

> অভ্র কীবোর্ড একটি সিস্টেম লেভেল বাংলা কীবোর্ড ইন্টারফেস। অভ্র কীবোর্ড দিয়ে বাংলা লেখার জন্য কোন বিশেষ এডিটর এর প্রয়োজন নেই, ইউনিকোড সাপোর্ট করে এমন যে কোন সফটওয়্যারে আপনি অভ্র কীবোর্ড ব্যবহার করে বাংলা লিখতে পারবেন। বাংলা লেখার জন্য অভ্র কীবোর্ড সম্পূর্ণভাবে ইউনিকোড স্ট্যান্ডার্ড মেনে চলে। এটি উইন্ডোজ ২০০০, এক্সপি, ২০০৩, ভিস্তা এবং পরবর্তী উইন্ডোজ অপারেটিং সিস্টেমগুলোর জন্য তৈরী।

UNICODE কি? UNICODE স্ট্যান্ডার্ড এ বাংলা ব্যবহারের সুবিধা কি?

> ইউনিকোড একটি ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ড, বিশ্বের বিভিন্ন ভাষার বর্ণ, বর্ণক্রম যেখানে সুনির্দিষ্ট করা আছে। ইউনিকোড সম্পর্কে বিস্তারিত জানতে ভিজিট করুন **http://www.unicode.org**

UNICODE স্ট্যান্ডার্ড এ বাংলা ব্যবহারের সুবিধাঃ

১) বারবার ফন্ট পরিবর্তন করার ঝামেলা নেই; একই ফন্ট এ বাংলা এবং ইংলিশ লেখা যায়
২) পুরোপুরি সার্চিং/সর্টিং এর সুবিধা আছে
৩) বাংলায় ফাইল/ফোল্ডার এর নাম রাখা যায়
৪) মাইক্রোসফট ওয়ার্ড এ **Spell check, grammar check, auto correction** এ ইংলিশ এর সাথে **conflict** করে না
৫) বাংলায় ওয়েবপেজ তৈরীতে সর্বোচ্চ সুবিধা পাওয়া যায়
৬) ফন্ট নিয়ে কোনরকম ঝামেলায় না গিয়ে বাংলা ডাটাবেজ তৈরী করা যায়
৭) অপারেটিং সিস্টেম লেভেলেই যেহেতু সাপোর্ট থাকে, তাই যে কোন ক্ষেত্রেই সর্বোচ্চ সুবিধা পাওয়া যায়।
৮) ইন্টারনেট এ সরাসরি বাংলায় সার্চ করা যায়। এ সময়ের সবচেয়ে জনপ্রিয় সার্চ ইঞ্জিন **http://www.google.com** পুরোপুরি ইউনিকোড সাপোর্ট করে।

সবথেকে বড় কথা, শুধু বাংলা নয়, যে কোন ভাষায় কম্পিউটিং এর জন্য একমাত্র আদর্শ উপায় ইউনিকোড স্ট্যান্ডার্ড ব্যবহার করা। বাংলায় আসকি (**ASCII**) সিস্টেম এর বিদায় ঘন্টা বেজে গেছে। আজ থেকে পাঁচ বছর পর, যখন আমাদের প্রয়োজনীয় সব সফটওয়্যার ইউনিকোড সাপোর্ট করবে, তখন বাংলার জন্য ইউনিকোড ছাড়া আর অন্য কোন কার্যকর স্ট্যান্ডার্ডও থাকবে না।

অভ্র কীবোর্ডে বাংলা ছাড়া অন্য কোন ভাষা ব্যবহার করা সম্ভব?

> অভ্র কীবোর্ড এর ফিক্সড কীবোর্ড লেআউটগুলো এবং অভ্র মাউস ব্যবহার করে আপনি চাইলে অসমীয়া (**Assamese**) ভাষায়ও লিখতে পারবেন, কেননা অসমীয়া ভাষায় বাংলার চেয়ে অতিরিক্ত যে দুটি ব্যঞ্জনবর্ণ ব্যবহৃত হয় তা এখানে দেয়া আছে। অসমীয়া (**Assamese**) ভাষায় লিখতে চাইলে অভ্র কীবোর্ড কনফিগারেশন উইন্ডো থেকে **Input Locale/Input Language** অসমীয়া (**Assamese**) তে পরিবর্তন করে নিন।

অভ্র ফনেটিক এ আপনি অসমীয়া ভাষায় লিখতে পারবেন না যেহেতু এটি বাংলা উচ্চারণরীতি অনুসরণ করে।

কোন কোন সফটওয়্যার এ আমি অভ্র কীবোর্ড ব্যবহার করতে পারবো?

> ইউনিকোড সাপোর্ট করে এমন যে কোন সফটওয়্যার এ আপনি অভ্র কীবোর্ড ব্যবহার করে বাংলা লিখতে পারবেন। এসব সফটওয়্যার এর মধ্যে আছে মাইক্রোসফট অফিস এক্সপি (এবং পরবর্তী এডিশনসমূহ), নোটপ্যাড, ওয়ার্ডপ্যাড, ওপেন অফিস, ইন্টারনেট এক্সপ্লোরার ৬ (এবং পরবর্তী এডিশনসমূহ), ওপেরা ৮ (এবং পরবর্তী এডিশনসমূহ), ফায়ারফক্স ইত্যাদি। উইন্ডোজ এক্সপ্লোরার এ আপনি অভ্র কীবোর্ড ব্যবহার করে যে কোন ফাইল/ফোল্ডারের নাম এমনকি বাংলায়ও দিতে পারবেন।

ইউনিকোড সাপোর্ট করে এমন সফটওয়্যার এর তালিকা বিশাল, পুরো তালিকা এমনকি ইউনিকোড কন্সর্টিয়ামও তৈরী করেনি।

কোন কোন সফটওয়্যার এ আমি অভ্র কীবোর্ড ব্যবহার করতে পারবো না? আমি **Adobe Illustrator/Photoshop** এ অভ্র কীবোর্ড দিয়ে বাংলা লিখতে পারছি না!

> ইউনিকোড সাপোর্ট করে এমন সফটওয়্যার এর তালিকা যেমন বিশাল, তেমনি ইউনিকোড সাপোর্ট করে না এমন সফটওয়্যার এর সংখ্যাও কম না। কোন সফটওয়্যার ইউনিকোড সাপোর্ট না করলে আপনি তাতে অভ্র কীবোর্ড দিয়ে বাংলা লিখতে পারবেন না। আশার কথা এই যে, দৈনন্দিন লেখালেখির কাজের জন্য প্রায় সব সফটওয়্যারই ইউনিকোড এর সাপোর্ট দিচ্ছে। তবে **Adobe** এর সফটওয়্যারগুলোতে (**Illustrator,Photoshop...**) এখনো ইউনিকোড সাপোর্ট পাওয়া যাচ্ছে না।

উইন্ডোজ এক্সপি (**service pack 2**) এর সাথেই তো **Bengali Inscript** লেআউট এসেছে। এছাড়াও ইন্টারনেট এ বিভিন্ন সাইটে অনেক বাংলা কীবোর্ড লেআউট পাওয়া যাচ্ছে। সেক্ষেত্রে অভ্র কীবোর্ড ব্যবহার করার যুক্তি কোথায়?

> অভ্র কীবোর্ড এর অসংখ্য ব্যবহারকারী (মার্চ,২০০৩ থেকে ডিসেম্বর,২০০৫ পর্যন্ত কমপক্ষে ৫০,০০০) সম্ভবত এই প্রশ্নের জবাব দিতে পারবেন! ইন্টারনেটের এসব বাংলা কীবোর্ড লেআউট তৈরী করা হয় মাইক্রোসফট কীবোর্ড লেআউট ক্রিয়েটর (**MSKLC**) নামক সফটওয়্যার দিয়ে, অনেক ক্ষেত্রেই বাংলার জন্য এসব কীবোর্ড লেআউট ব্যবহারকারীর সব প্রয়োজন মেটাতে সক্ষম হয় না।

নিচের তুলনামূলক তালিকা থেকে আপনার প্রশ্নের উত্তর পেয়ে যাবেন :

সুবিধা	অভ্র কীবোর্ড	**MSKLC** দিয়ে তৈরী লেআউট
ফনেটিক (ইংলিশ থেকে বাংলা লেখা)	√	X
মাউস দিয়ে বাংলা লেখা	√	X
লেআউট দেখার সুবিধা	√	X
Automatic vowel forming	√	X
Old style “Reph”	√	X
Number Pad থেকে বাংলা লেখা	√	X
কীবোর্ড ম্যাক্রো	√	X
অপারেটিং সিস্টেম এর সাপোর্ট না থাকলেও **Input Language** পরিবর্তন করার সুবিধা	√	X
স্পেশাল কপি>পেস্ট টাইপিং	√	X
HTML ক্যারাক্টার কোড টাইপিং	√	X
Customizable	√	X

ইলাস্ট্রেশনের কাজে আমি এপল কম্পিউটার ব্যবহার করি। সেখানে অভ্র কীবোর্ড ব্যবহার করব কিভাবে? অথবা, লিনাক্স এ অভ্র কীবোর্ড ব্যবহার করা যাবে?

> দুঃখিত। অভ্র কীবোর্ড উইন্ডোজ এর জন্য তৈরী সফটওয়্যার। এটি অন্য কোন অপারেটিং সিস্টেম এ চলে না এবং ভবিষ্যতেও উইন্ডোজ ছাড়া অন্য কোন অপারেটিং সিস্টেম এর জন্য অভ্র কীবোর্ড এর কোন সংস্করন বের করার পরিকল্পনা নেই।

আমি কি কমার্শিয়াল কাজেও ফ্রি অভ্র কীবোর্ড ব্যবহার করতে পারবো?

> যে কাজেই আপনি অভ্র কীবোর্ড ব্যবহার করুন না কেন, এটি সম্পূর্ণ ফ্রি।

আমি কি CD তে অভ্র কীবোর্ড বিক্রি করতে পারবো?

> ব্যাপারটি অলাভজনক হলে আপনাকে এ কাজের অনুমতি দেয়া যেতে পারে, তবে ওমিক্রনল্যাব (OmicronLab) এক্ষেত্রে ব্যবহারকারীদের স্বার্থ আগে দেখবে। এ ধরণের কোন সিদ্ধান্ত নেয়ার আগে অবশ্যই ওমিক্রনল্যাব এর সাথে যোগাযোগ করুন, অনুমতি ছাড়া অভ্র কীবোর্ড বিক্রি আইনবিরুদ্ধ।

আমি ওমিক্রনল্যাব এর ওয়েবসাইট থেকে অভ্র কীবোর্ড ডাউনলোড করেছি। এটা আমার সহকর্মী/বন্ধুর সাথে শেয়ার করা কি আইনসঙ্গত? অথবা, আমার নিজের একটি ওয়েবসাইট আছে। আমি আমার ওয়েবসাইটে অভ্র কীবোর্ড ডাউনলোড এর জন্য রাখতে পারবো?

> ফ্রি যে কোন উপায়ে আপনি অভ্র কীবোর্ড বিতরণ করতে পারেন। তবে সবক্ষেত্রেই আপনাকে উল্লেখ করতে হবে যে সফটওয়্যারটি আপনি http://www.omicronlab.com/ থেকে পেয়েছেন।

আমি আগে বিজয় বাংলা সফটওয়্যারটি ব্যবহার করতাম। নতুন করে কোন কীবোর্ড লেআউট শিখতে চাচ্ছি না। অভ্র কীবোর্ড এর সাথে বিজয় বাংলা সফটওয়্যার এর সুবিধাগুলো পাওয়া সম্ভব?

> প্রকৃতপক্ষে অভ্র কীবোর্ড দিয়ে বিজয় বাংলা সফটওয়্যার এর চেয়ে অনেক বেশি সুবিধা পাওয়া সম্ভব। নতুন কোন কীবোর্ড লেআউট শিখতে না চাইলে আপনি অভ্র কীবোর্ডের ইউনিবিজয় কীবোর্ড লেআউটটি ব্যবহার করতে পারেন। অভ্র কীবোর্ড কনফিগারেশন উইন্ডো থেকে কীবোর্ড মোড পরিবর্তন করার জন্য **Ctrl+Alt+B** সিলেক্ট করে নিন। এবার আপনি আপনার পুরনো অভ্যাসমতই বাংলা লিখতে পারবেন।

বিজয় বাংলা (অথবা অন্য কোন) সফটওয়্যার এর ফন্ট অভ্র কীবোর্ডে ব্যবহার করা যাবে?

> যেকোন ইউনিকোড ভিত্তিক বাংলা সফটওয়্যারের (যেমন, বিজয় একুশে) ফন্ট অভ্র কীবোর্ডে ব্যবহার করা যাবে। তবে তার আগে জেনে নিন ফন্ট ভেন্ডর **(Font Vendor)** আইনগতভাবে আপনাকে এ কাজ করার অনুমতি দেয় কিনা।

আমার পুরানো বেশ কিছু ডকুমেন্ট বিজয় বাংলা সফটওয়্যার দিয়ে লেখা হয়েছে। এগুলো ইউনিকোড এ কনভার্ট করতে চাইলে কি করতে হবে?

> এক্ষেত্রে আপনাকে কোন ডকুমেন্ট কনভার্টার ব্যবহার করতে হবে। অভ্র কীবোর্ড এর সাথে এখন এধরণের কোন সুবিধা নেই। তবে ভবিষ্যতে আমাদের একটি ফ্রি বিজয় থেকে ইউনিকোড কনভার্টার বানানোর ইচ্ছা আছে।

অভ্র কীবোর্ড - ফনেটিক ভিত্তিক, কীবোর্ড লেআউট ভিত্তিক এবং মাউস ভিত্তিক বাংলা লেখা সাপোর্ট করে। আমি সবগুলো নিয়ম শিখতে চাচ্ছি না। কোন পদ্ধতিতে টাইপিং শেখা আমার জন্য ভাল হবে?

> প্রথমেই ঠিক করে নিন কি কাজে বাংলা লিখবেন। প্রফেশনাল টাইপিস্ট হতে চাইলে আপনার উচিত ফিক্সড কীবোর্ড লেআউট ভিত্তিক টাইপিং শেখা।

দৈনন্দিন প্রয়োজনে অথবা অফিশিয়াল কাজে বাংলা লেখার জন্য ইংলিশ থেকে বাংলা ফনেটিক ভিত্তিক টাইপিং পদ্ধতিটি আপনি সত্যিই পছন্দ করবেন। এই সম্পূর্ণ **user manual** টি লেখা হয়েছে অভ্র ফনেটিক ব্যবহার করে।

অভ্র মাউস রাখা হয়েছে মূলতঃ ডেভেলপার টুল্‌স হিসেবে। তবে আপনি যদি একেবারেই কিছু না শিখে বাংলা টাইপ শুরু করতে চান, অভ্র মাউস ব্যবহার করতে পারেন।

Input Locale/Input Language ব্যাপারটা ঠিক বুঝতে পারছি না। আমি আমার জন্য কোন Input Language বাছাই করবো?

> **Input Locale/Input Language** এর মত অত্যন্ত গুরুত্বপূর্ণ সুবিধাটি অভ্র কীবোর্ড ৩.০ তে অন্তর্ভূক্ত করা হয়েছে। **Input Locale/Input Language** আসলে একটি ট্যাগ সিস্টেম, যা দ্বারা আপনি যে এডিটরে/ওয়ার্ড প্রসেসরে কাজ করছেন সেটি বুঝতে পারে আসলে কোন ভাষায় আপনি লিখছেন। ফলে **Spell check, grammar check, auto correction** প্রভৃতি ফিচারে অসাধারন সুবিধা পাওয়া যায়। যেমন, আপনার একটি ওয়ার্ড ডকুমেন্ট এ যদি বাংলা-ইংলিশ মিলিতভাবে লেখা থাকে, **Input Locale/Input Language** ঠিকভাবে বাছাই করা থাকলে, মাইক্রোসফট ওয়ার্ড শুধুমাত্র ইংলিশ টেক্সটের বানান পরীক্ষা ইংলিশ ডিকশনারি থেকে করবে। আপনার বাংলা টেক্সট এ **Spell check, grammar check, auto correction** প্রভৃতি ফিচার ইংলিশ এর সাথে **conflict** করবে না।

অভ্র কীবোর্ড কনফিগারেশন উইন্ডো থেকে আপনি আপনার পছন্দমত **Input Locale/Input Language** বাছাই করতে পারবেন। আপনি বাংলাদেশী হয়ে থাকলে **Bangla (Bangladesh)** বাছাই

করুন, অন্য ক্ষেত্রে **Bangla (India)** বাছাই করতে পারেন। এছাড়া অসমীয়া ভাষায় লিখতে চাইলে **Assamese** বাছাই করুন।

সমস্যাঃ আমি **Input Locale/Input Language** হিসেবে বাংলা (বাংলাদেশ/ইন্ডিয়া) অথবা অসমীয়া ভাষা বাছাই করেছি। কিন্তু যতবারই আমি বাংলা কীবোর্ড মোডে টাইপ করতে যাই, উইন্ডোজ এর ল্যাঙ্গুয়েজ বার ভাষার নামে "**?? Unknown Language**" দেখাচ্ছে। সমস্যাটা কোথায়?

> এটি কোন সমস্যা নয়। আপনি যে **Input Locale/Input Language** বাছাই করেছেন উইন্ডোজ সেটা চিনতে পারছে না, কারণ আপনার উইন্ডোজের ভার্শনটি ওই ভাষার জন্য সাপোর্ট নিয়ে আসেনি। উইন্ডোজ চিনতে না পারলেও সমস্যা নেই, **Input Locale/Input Language** ব্যাপারটা গুরুত্বপূর্ণ আপনি যে এডিটরে বাংলা লিখছেন সেটাতে, অভ্র কীবোর্ড আপনার এডিটরে ঠিকই ভাষা পরিবর্তন করে দেয়।

আপনার কম্পিউটারে মাইক্রোসফট ওয়ার্ড (এক্সপি বা পরবর্তী এডিশন) থাকলে আপনি নিজেই এটা যাচাই করে নিতে পারবেন। মাইক্রোসফট ওয়ার্ড এর নিচে স্ট্যাটাস বারে লক্ষ করুন, চলতি ভাষার নাম সেখানে দেখতে পাবেন।



সমস্যাঃ আমি আমার কম্পিউটারে বাংলায় লিখতে পারছি, কিন্তু কোন যুক্তাক্ষর লেখা সম্ভব হচ্ছে না। কার/মাত্রা (া ি ী ু ...) গুলো অভ্র কীবোর্ড এর নির্দেশিকা মত লেখার পরও সেগুলো ঠিকমত না বসে উল্টোপাল্টা আসছে।

> কারণ ১: আপনি কম্পিউটার বাংলা ভাষা ব্যবহার করার জন্য কনফিগার করেননি। কিভাবে কম্পিউটার বাংলা ভাষা ব্যবহার করার জন্য কনফিগার করতে হয় জানতে চাইলে **Before You Start** শীর্ষক নির্দেশিকাটি দেখুন।

> কারণ ২: আপনি যে ফন্টটি ব্যবহার করছেন নিশ্চিত হয়ে নিন সেটি পুরোপুরি ইউনিকোড সাপোর্ট করে কিনা। **Arial Unicode MS** অথবা আলপনা বাংলা সফটওয়্যার এর ফন্টগুলোতে বাংলা ক্যারেক্টার থাকলেও বাংলার জন্য **Glyph Table** নেই। এসব ফন্ট ব্যবহার করলে সমস্যা হবে। অভ্র কীবোর্ড এর সাথে যেসব বাংলা ফন্ট এসেছে সেগুলো ব্যবহার করে দেখুন।

সমস্যাঃ আমি অভ্র কীবোর্ড দিয়ে “ৎ” লিখতে পারছি না।

> অভ্র কীবোর্ড ৩.১.০ সর্বশেষ ইউনিকোড স্ট্যান্ডার্ড ৪.১ অনুসরণ করে। ইউনিকোডের এই সংস্করণে বাংলা “ৎ” একটি আলাদা বর্ণ হিসেবে এসেছে, যা আগে ছিলনা (আগে ত+হসন্ত দিয়ে “ৎ” লিখতে হত)। “ৎ” লেখার নিয়ম পরিবর্তন হওয়ার কারণে বাংলা লেখার সফটওয়্যার (অভ্র কীবোর্ড) এর সাথে সাথে বাংলা ফন্টগুলোতেও পরিবর্তনটি থাকা প্রয়োজন। আপনি যদি পুরনো বাংলা ফন্ট (যা পুরনো অভ্র কীবোর্ড এর সাথে এসেছিল, অথবা আপনি অন্য উৎস থেকে পেয়েছেন) ব্যবহার করেন তাহলে “ৎ” লিখতে পারবেন না। অভ্র কীবোর্ড ৩.১.০ এর সাথে যে বাংলা ফন্টগুলো এসেছে সেগুলো ব্যবহার করুন। (নোটঃ পুরনো বাংলা ফন্টগুলো দিয়ে “ৎ” ছাড়া অন্য কিছু লিখতে সমস্যা হবে না।)

সমস্যাঃ আমি কোন একটি সফটওয়্যারে বাংলা লিখতে পারছি না, এটি যেকোন কিছু লিখলেই ????? দেখাচ্ছে।

> সম্ভবত সফটওয়্যারটিতে ইউনিকোড সাপোর্ট নেই। তবে নিশ্চিত হওয়ার জন্য অভ্র কীবোর্ড এ “**Through Clipboard**” মোডে লেখার চেষ্টা করে দেখুন। কিছু কিছু সফটওয়্যারে (যেমন, **Yahoo Messenger, Internet Explorer 5.0** ইত্যাদি) সরাসরি বাংলা লেখা না গেলেও এভাবে লেখা যায়। “**Through Clipboard**” মোডেও যদি আপনি বাংলা লিখতে না পারেন তবে সফটওয়্যারটি ইউনিকোড একেবারেই সাপোর্ট করে না। আপনি সফটওয়্যারটির নির্মাতা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে এ বিষয়ে তাদের দৃষ্টি আকর্ষণ করতে পারেন।

সমস্যাঃ আমি WordPad, MSN Messenger, Yahoo Messenger অথবা অন্য কোন সফটওয়্যারে বাংলা লিখতে গেলে শব্দ/বর্ণের মাঝখানে অতিরিক্ত ফাঁকা জায়গা দেখাচ্ছে, যদিও আমি কোন Space দেইনি। এটি কি ফন্টের সমস্যা?

> সমস্যাটি অভ্র কীবোর্ড বা ফন্ট কোনটারই না, এটি উইন্ডোজ অপারেটিং সিস্টেম এ RTF (Rich Text Format) এর একটি “ভৌতিক” বাগ (Bug), যদিও সমাধানটি খুব সহজ। একবার দাড়ি (“।”) লিখুন, সব ঠিক হয়ে যাবে, এমনকি দাড়ি মুছে ফেললেও! তবে কাজটি আপনাকে প্রতিবার সফটওয়্যারটি চালু করার পর অন্ততঃ একবার করতে হবে।

সমস্যাঃ আমি মাইক্রোসফট ওয়ার্ড এ বাংলা ফন্ট পরিবর্তন করতে পারছি না। এটি বাংলা লেখার সময় প্রতিবার Vrinda (অথবা অন্য কোন) ফন্ট নিয়ে আসছে যা পরে পরিবর্তন করা সম্ভব হচ্ছে না।

> অভ্র কীবোর্ড ভার্সন ২.২.০ পর্যন্ত এ সমস্যাটি ছিল। অভ্র কীবোর্ড ভার্সন ৩.০.০ থেকে **Input Language/Input Locale** ব্যবহার করে সমস্যাটির সমাধান করা হয়েছে। নিশ্চিত হয়ে নিন যে আপনি

বাংলা কীবোর্ড মোডে **Input Language/Input Locale** পরিবর্তন করার অপশনটি বন্ধ (**Off**) করে রাখেননি। বাংলা কীবোর্ড মোডে বাংলা (ইন্ডিয়া)/ বাংলা (বাংলাদেশ)/ অসমীয়া **Input Language/Input Locale** হিসেবে ব্যবহার করলে এই সমস্যাটি হয় না।

সমস্যাঃ অভ্র কীবোর্ড দিয়ে বাংলায় লিখতে আমার কোন সমস্যা হচ্ছে না। কিন্তু সমস্যা হচ্ছে অভ্র কীবোর্ড "System Default" কীবোর্ড মোডে থাকা অবস্থাতেও বাংলা লেখা হচ্ছে, এমনকি আমি অভ্র কীবোর্ড বন্ধ করে দিয়েও বাংলা ছাড়া অন্য কিছু লিখতে পারছি না। এখন কি করব?

> **Input Language/Input Locale** সম্পর্কে ধারণা না থাকায় আপনি এই সমস্যায় পড়েছেন। আপনার জ্ঞাতার্থে জানাচ্ছি, এটি অভ্র কীবোর্ড এর কোন বাগ (**Bug**) নয়। নিম্নোক্ত কারণে আপনি এই সমস্যায় পড়তে পারেনঃ

- অভ্র কীবোর্ড "**Bangla**" কীবোর্ড মোড এ থাকার সময় আপনার জন্য বাংলা(ইন্ডিয়া)/বাংলা (বাংলাদেশ)/ অসমীয়া ভাষার যেকোন একটি **Input Language/Input Locale** হিসেবে ব্যবহার করে। আবার যখন আপনি "**System Default**" কীবোর্ড মোড এ যান, তখন আপনি আগে যে ভাষায় (সাধারণতঃ **US English**) কাজ করছিলেন, সেটি চালু হয়।

এখন যদি আপনি বাংলা কীবোর্ড মোড এ থাকা অবস্থায় অভ্র কীবোর্ড বন্ধ করে দেন, তাহলে লক্ষ করে দেখুন, আপনি যেখানে লিখছেন সেই সফটওয়্যারের **Input Language/Input Locale** কিন্তু বাংলাতেই থেকে গেল। এমন অবস্থায় উইন্ডোজে যদি কোন বাংলা **Input Method Editor (IME)** ইন্সটল করা থাকে (যেমন, উইন্ডোজ এক্সপি সার্ভিস প্যাক ২ এ বাংলা **Inscript** লেআউটটি ইন্সটল থাকে) তবে উইন্ডোজ সেটি কীবোর্ড লেআউট হিসেবে ব্যবহার করবে, অর্থাৎ আপনি না চাইলেও বাংলা লেখা হতে থাকবে।

সমাধানঃ কাজ করার সময় ভুল হতেই পারে, আর তাই অভ্র কীবোর্ড এর সমাধানও অত্যন্ত সহজ! **Top Bar** এ কীবোর্ড মোড দেখায় যে বাটনটি তার উপর রাইট ক্লিক (**Right Click**) করুন।

মেনুতে "**Reset Input Language to US English**" এর উপর ক্লিক করুন। আপনি যে সফটওয়্যার এ কাজ করছেন সেটাতে **Input Language** আবার রিসেট হয়ে যাবে।

আমি একজন ওয়েব ডেভেলপার। অভ্র কীবোর্ড ব্যবহার করে বাংলা ওয়েব সাইট তৈরি করা কতটুকু যুক্তিযুক্ত?

> অভ্র কীবোর্ড ইউনিকোড ভিত্তিক বাংলা সফটওয়্যার। ইউনিকোড ব্যবহার করে বাংলা ওয়েবসাইট তৈরীর সুবিধা/অসুবিধাগুলো নিম্নরূপঃ

সুবিধাঃ

১) আপনার ওয়েবসাইট সার্চ ইঞ্জিনগুলোর (যেমন http://www.google.com) ইন্ডেক্স উপযোগী হবে। অর্থাৎ আপনার ওয়েবসাইট যদি "বাংলাদেশ" বিষয়ক হয়, সার্চ ইঞ্জিনগুলোতে কেউ "বাংলাদেশ" লিখে সার্চ করলে আপনার ওয়েবসাইট খুঁজে পাবেন।

২) আপনি যে ফন্ট দিয়ে ওয়েবপেজগুলোতে বাংলা লিখবেন, সেই ফন্ট ভিজিটরের কম্পিউটারে ইন্সটল না থেকে অন্য কোন ইউনিকোড ভিত্তিক বাংলা ফন্ট ইন্সটল থাকলেও তিনি আপনার সাইটটি দেখতে পারবেন।

৩) জনপ্রিয় সবগুলো ওয়েব ব্রাউজার (**Internet Explorer 5 or later, Opera, Firefox**) ইউনিকোড সাপোর্ট করে।

অনেক বড় বড় প্রতিষ্ঠান এখন তাদের বাংলা সাইট তৈরীর জন্য ইউনিকোড ভিত্তিক পদ্ধতি বেছে নিয়েছেন। এদের মধ্যে আছে -

Google (http://www.google.com.bd)
BBC Bangla (http://www.bbc.co.uk/bengali/)
Wikipedia Bangla (http:// bn.wikipedia.org)

অসুবিধাঃ

১) আপনার টার্গেট ভিজিটর যে উইন্ডোজ ২০০০ বা এর পরবর্তি এডিশন এর অপারেটিং সিস্টেম ব্যবহার করেন সে বিষয়ে আপনাকে নিশ্চিত হতে হবে, কেননা উইন্ডোজ ৯৮, ৯৫, মিলেনিয়াম এডিশনে ইউনিকোড ভিত্তিক বাংলা সাইট দেখা সম্ভব, কিন্তু সবক্ষেত্রে এটি নিশ্চিতভাবে হবেই এমনটি বলা যায় না। লিনাক্সে ইউনিকোড এর সাপোর্ট রয়েছে, লিনাক্স ভিত্তিক ভিজিটরদের আপনার সাইট দেখতে সমস্যা হবে না।

২) ভিজিটরের কম্পিউটার বাংলা ভাষা ব্যবহার করার জন্য কনফিগার করার প্রয়োজন হতে পারে। যেকোন লেভেলের কম্পিউটার ব্যবহারকারীর জন্য ব্যাপারটি অত্যন্ত সহজ। কিভাবে কম্পিউটার বাংলা ভাষা ব্যবহার করার জন্য কনফিগার করতে হয় জানতে চাইলে **Before You Start** শীর্ষক নির্দেশিকাটি দেখুন।

(ইউনিকোড ভিত্তিক বাংলা ওয়েব সাইট তৈরী সম্পর্কে বিস্তারিত জানতে চাইলে **How to: Bangla Web Page** শীর্ষক নির্দেশিকাটি দেখুন।)

সমস্যাঃ অভ্র কীবোর্ড দিয়ে আমি আমার কিছু মিউজিক ফাইলের নাম বাংলায় রিনেম (Rename) করেছিলাম। ফাইলগুলো উইন্ডোজ মিডিয়া প্লেয়ার এ চলছে, কিন্তু winamp এ চলছে না। এখন কি করবো?

> **Winamp 5x** (অথবা পরবর্তী এডিশন) ব্যবহার করে দেখুন।

অভ্র কীবোর্ড বাংলায় ফাইল/ফোল্ডার এর নাম রাখার সুবিধা দেয়। তার মানে এই না পুরো কম্পিউটারের সমস্ত ফাইলের নাম আপনি বাংলায় রেখে দিবেন, আমাদের সেই সুদিন এখনো আসেনি! এক্ষেত্রে সতর্ক হওয়া প্রয়োজন যে সত্যিকার অর্থে অনেক সফটওয়্যারই এখনও ইউনিকোড সাপোর্ট দেয় না। বাংলায় রিনেম করা ফাইলগুলো আপনি যে সফটওয়্যার এ চালাবেন সেই সফটওয়্যারটি ইউনিকোড ভিত্তিক ফাইল পাথ **(File Path)** সাপোর্ট করে কিনা সে ব্যাপারে আগে নিশ্চিত হয়ে নিন।

অভ্র কীবোর্ড এর সাথে যে কীবোর্ড লেআউটগুলো আসে সেগুলো কি পরিবর্তন করা সম্ভব? অথবা, আমি কি অভ্র কীবোর্ড দিয়ে আমার পছন্দমত কীবোর্ড লেআউট তৈরী করে নিতে পারবো?

> এখন পর্যন্ত সম্ভব নয়। ভবিষ্যতে এই সুবিধা অভ্র কীবোর্ড এর সাথে দেয়া হতে পারে।

যদি আপনার কোন প্রশ্নের জবাব এইখানে খুঁজে না পান তবে যে কোন সময় **OmicronLab Online Forum** এ জিজ্ঞেস করতে পারেন। ঠিকানাঃ **http://www.omicronlab.com/forum**